## ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের অক্টোবর, ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **জনাব আশরাফ হোসাইন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ ঃ **৩১/১০/২০২১ খ্রিস্টাব্দ, সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।**

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় সম্মানিত সদস্যগণের আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | দাপুনিয়া ইউপি চেয়ারম্যান সভায় জানান, ফেব্রুয়ারী/২০২০ খ্রি. তারিখের মাসিক সাধারণ সভায় অনুমোদিত শষ্যমালা ইব্রাহিম মুন্সী বাড়ী জামে মসজিদ উন্নয়ন করণ (পিআইসি) অনুমোদিত হয়। কাজটি বাস্তবায়ন করতে অনেক সময় পাড় হয়ে যাওয়ায় অদ্যকার সভায় উক্ত প্রকল্পটি পুনরায় অনুমোদনের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। চেয়ারম্যান, পরানগঞ্জ ইউপি জানান যে, গত ২৩/০৯/২১ তারিখের সভায় পরানগঞ্জ সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (টেন্ডার) অনুমোদিত হয়। তিনি পরানগঞ্জ সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন টেন্ডরের পরিবর্তে সংশোধন করে ( পিআইসি-১,২) করার প্রস্তাব করেন। আর কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা অনুমোদন করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ক)প্রকল্পটি ফেব্রুয়ারী/২০ পরিবর্তে অদ্য ৩১/১০/২১ তারিখের সভায় অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) পরানগঞ্জ সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন টেন্ডরের পরিবর্তে সংশোধন করে ( পিআইসি-১,২ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশল ও সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ০২ | **উপজেলা প্রকৌশল অফিস ঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) এর আওতায় ০২(দুই) কিস্তিতে ৪২.৩৮ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। তৎপ্রেক্ষিতে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় প্রকল্প যাচাই-বাছাই এর জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ ও কর্মকর্তাবৃন্দকে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করেন।<br>বিভিন্ন ইউনিয়ন থেকে এলজিইডি এবং এলজিইডি এর তালিকাভুক্ত নয় এমন সড়ক সমূহ এলজিইডি এবং এলজিইডি এর তালিকাভূক্ত করার প্রস্তাব পাওয়া যায়। (পরিশিষ্ট-গ) । এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। | সভায় আলোচনান্তে অতিদ্রুত এডিপি বাস্তবায়ন কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশল ও সংশ্লিষ্ট সকল |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার ডাঃ মোঃ শাহজাহান কবির, সভায় জানান ময়মনসিংহ সদর উপজেলার আওতাধীন কোভিড-১৯ টিকা কেন্দ্র আগামী ০৪ নভেম্বর পর্যন্ত ১ম ডোজের টিকা বন্ধ থাকবে। সিটি কর্পোরেশন আওতাধীন কেন্দ্রে ফাইজারের ০৪(চার হাজার)টিকা রয়ে গেছে। এগুলোর মেয়াদ ০৪ নভেম্বর পর্যন্ত এজন্য ফাইজারের টিকা নেয়ার জন্য ব্যাপক প্রচার করার জন্য সকলকে আহবান জানান।<br>খ) তিনি আরও জানান যে, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার জন্য একটি সরকারি জীপগাড়ী আছে। কিন্তু স্বাস্থ্য অফিসের নিজস্ব কোন জমি না থাকায় গাড়িটির কোন পার্কিং নির্মাণ করা যাচ্ছে না। সেজন্য উপজেলা ভিতরে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় একটি পার্কিং নির্মাণ করার জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>গ) তিনি আরও জানান যে, সদর উপজেলার পারনগঞ্জ ইউনিয়নে ২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল রয়েছে। উক্ত হাসপাতালের রোগী পরিবহণ করার জন্য কোন অ্যাম্বুলেন্স নেই। জাইকার অর্থায়নে একটি অ্যাম্বুলেন্স প্রদানের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোনান্তে সিটি কর্পোরেশন এলাকায় ফাইজারের টিকা নেয়ার জন্য বহুল প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) পরিষদের অভ্যন্তরে দুইটি গাড়ী পার্কিং করার জন্য জায়গা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) পারনগঞ্জ ইউনিয়নে ২০ শয্যা বিশিষ্ট হাসপাতালের জন্য জাইকার অর্থায়নে একটি অ্যাম্বুলেন্স ক্রয় সিদ্ধান্ত গৃহীত হয়।। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ। |
| ০৪ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার জানান, বর্তমানে মাঠে রবি মৌসুম চলছে। কৃষকগণ শীতকালীন শাখ-সবজির চাষ করছেন। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করছেন। তিনি আরও জানান ২০২১-২২ মৌসুমে সরিষা, গম, ভুট্টা, পেঁয়াজ, চীনা বাদান ফসলের প্রনোদনা কর্মসূচী এসছে। অতিদ্রুত কৃষকদের মাঝে তা বিতরণ করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বভাবিক গতিতেই চলছে। | সভায় আলোচনান্তে প্রনোদনা কর্মসূচী বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| ০৫. | উপজেলা মৎস্য অফিস : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, জাতীয় মাছ ইলিশের উৎপাদন বৃদ্ধির লক্ষে সরকার কর্তৃক প্রতি বছরের ন্যয় এ বছর ও ১লা নভেম্বর হতে ৩০জুন ২০২২ পর্যন্ত জাটকা রক্ষা কার্যক্রম রয়েছে। তাছাড়া মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন, হাট-বাজার পরিদর্শন, মৎস্য খাদ্যের লাইসেন্স প্রদান ও নবায়ন, মৎস্য খাদ্যের নমুনা পরীক্ষাসহ দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় স্থাপিত প্রদর্শনী খামারের পুকুর পরিদর্শন, পানি পরীক্ষা ও অন্যান্য বিভাগীয় কাজ সুষ্ঠু ভাবেই চলছে। | সভায় আলোচনান্তে মৎস্য চাষ প্রযুক্তিসেবা সম্প্রসারণ প্রকওল্পর আওতায় প্রদর্শনী খামার পরিদর্শন, পানি পরীক্ষা, খাদ্যের গুনগতমান পরীক্ষা/লাইসেন্স প্রদান ও নবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়ন উপজেলা মৎস্য অফিসার/সংশ্লিষ্ট সকল |
| ০৬ | উপজেলা শিক্ষা অফিস ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ১২/০৯/২১ তারিখ হতে প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান শুরু হয়েছে। বিদ্যালয়গুলোতে কোভীড-১৯ মোকাবেলায় সকল প্রকার প্রস্তুতি নিয়ে স্বাস্থবিধি মেনে পাঠদান করা হচ্ছে। কিছু শিক্ষার্থ অন্যত্র চলে গেছে। তাদেরকে বিদ্যালয়ে ফিরিয়ে আনার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। শিক্ষর্থীদের শিক্ষার ঘাটতি পূরণের জন্য অধিদপ্তর হতে প্রেরীত লেসন প্ল্যান অনুসরণ করে পাঠ দান করা হচ্ছে। ওয়াশ ব্লক, | সভায় আলোচনান্তে দাখিলকৃত কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৮ | উপজেলা পরিসংখ্যান অফিস ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় বলেন যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার/সংশ্লিষ্ট সকল |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৯ | উপজেলা সমবায় অফিস: সমবায় কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১০ | পল্লী সঞ্চয়ী ব্যাংক: ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। । এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক অফিস: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১২ | উপজেলা জন-স্বাস্থ্য প্রকৌশল অফিস: উপসহকারী প্রকৌশলী (জন-স্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৩ | উপজেলা সমাজসেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকতা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অফিস: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে ঋন বিতরণ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৫ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা অফিস: উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে ঋন বিতরণ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৬ | উপজেলা তথ্য কর্মকর্তা অফিস ঃ উপজেলা তথ্য কর্মকর্তা সভায় জানান যে, প্রতি মাসে ডোর টু ডোর সেবার পাশাপাশি উঠান বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। গত মাসে মোট ৯৭২জন সেবা গ্রহীতাকে বিভিন্ন সময়ে (যেমন ঃ প্রাথমিক স্বাস্থ্য সেবা, সরাসরি সেবাগুলোর তথ্য প্রদান, বাল্য বিয়ে ও নারী নির্যাতন বিষয়ে সচেতনতা তৈরী, কোভিড-১৯ টিকা গ্রহণে উদ্বুদ্ধকরণ ও বিনামূল্যে টিকা কার্ড রেজিস্ট্রেশন এবং ই-কমার্স) সেবা প্রদান করা হয়। প্রকল্পের অগ্রগতির লক্ষে সকল দপ্তর প্রধানসহ ইউপি চেয়ারম্যনদের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় আলোচনান্তে তাঁর বিভাগের কাযক্রম সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৭ | উপজেলা বন কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ সভায় বলেন যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৮ | চেয়ারম্যান, খাগডহর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,, জনাব জোনায়েদ সোয়েব, এরিয়া ম্যানেজার, বাসমাহ ফাউন্ডেশন কর্তৃক দুলালবাড়ী গুচ্ছগ্রামে বসবাসরত অসহায় মানুষদের জীবন-যাত্রার মান উন্নয়নের লক্ষ্যে কিছু প্রকল্প বাস্তবায়নের জন্য আগ্রহ প্রকাশ করে আবেদন করেন। প্রকল্পগুলির মধ্যে বাচ্চাদের পড়াশুনা ও নৈতিক উন্নয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠান, গরিব অসহায় মহিলাদের কর্মদক্ষ করার জন্য সেলাই প্রশিক্ষণ কেন্দ্র ও স্বাস্থ্য সেবা কেন্দ্র ইত্যাদি কার্যক্রম পরিচালনা এবং প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য কিছু জায়গা/জমি অস্থায়ী ভিত্তিতে প্রয়োজন বলে জানান। এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ মাসিক সভা বলেন যে, উক্ত প্রকল্পগুলি বাস্তবায়িত হলে গুচ্ছ গ্রামে বসবাসরত লোকজন উপকৃত হবে। তাই গুচ্ছ গ্রামে কিছু ফাঁকা জায়গা তাদেরকে ব্যবহারের অনুমতি প্রদাণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে এরিয়া ম্যানেজার, বাসমাহ ফাউন্ডেশন এর আবেদনের প্রেক্ষিতে দুলালবাড়ী গুচ্ছগ্রামে বসবাসরত অসহায় মানুষদের জীবন-যাত্রার মান উন্নয়নের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে কিছু ফাঁকা জায়গা ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর/ সংশ্লিষ্ট সকল। |
| ১৯ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, আসন্ন এস,এস,সি/দাখিল ও সমমানের পরীক্ষা আগামী মাসে শুরু হতে যাচ্ছে। পরীক্ষা যাতে সুষ্ঠ ও সুন্দরভাবে অনুষ্ঠিত হয় এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, ইউনিয়নে নিয়োজিত ট্যাগ অফিসারগণ নিয়মিতভাবে পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করার জন্য বলেন। করোনা ভাইরাস কোভিড-১৯ ময়মনসিংহ সদর উপজেলা অনেকাংশে কমে এসছে। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কর্মকর্তাগণকে স্বাস্থ্য বিধি মেনে অফিস করার জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে আসন্ন এস,এস,সি/দাখিলও সমমানের পরীক্ষা সুষ্ঠ ও সুন্দরভাবে নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ও নেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ২০ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ মাসিক সভা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপগাড়ি নং-ট ১১-০০৪৪ বার বছরের আগে সময় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জীপগাড়ি নং-ট ১১-০০৩৭ প্রায় ১৩ বছর আগে বরাদ্দ প্রদান করা হয়। ইতিমধ্যে জীপগাড়ি দুইটির অবস্থা অত্যান্ত নাজুক অবস্থায় আছে। প্রায় সময় বিভিন্ন ধরনের ক্রটি ধরা পড়ায় গাড়ীগুলি বন্ধ হয়ে পড়ে থাকে। মেরামত করার কয়েকদিন চলার পর আবারও ক্রটি দেখা দেয়। এতে করে সরকারের উন্নয়ন মূলক কাজ তদারকীসহ অন্যান্য কর্যক্রম বাধগ্রস্থ হয়ে পড়ে। ময়মনসিংহ সদর উপজেলার কয়েকটি ইউনিয়নের দূরত্ব প্রায় ৪০ কিঃ মিঃ এবং | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জীপগাড়িটি ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জীপগাড়ি কনডেম ঘোষণা করা যায় কিনা এ বিষয়ে কারিগরি মতামতের জন্য বি,আর,টি,এ ময়মনসিংহ বরাবর | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | যোগাযোগ ব্যবস্থা খুবই খারাপ। উপজেলা নির্বাহী অফিসারকে প্রতিদিনই জরুরী প্রয়োজনে বিভিন্ন এলাকায় যেতে হয়। গাড়ীটি বিকল হয়ে পড়ায় তা সম্ভব হয় না। তাই ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের নতুনগাড়ী বরাদ্দ প্রদানের জন্য সচিব, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নতুন গাড়ীর বরাদ্দের জন্য সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্র প্রদান করা যেতে পারে। এবিষয়ে জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের জীপগাড়ি ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জীপগাড়ি কনডেম ঘোষনা করা যায় কিনা এ বিষয়ে কারিগরি মতামতের জন্য বি,আর,টি,এ ময়মনসিংহ বরাবর প্রেরণ করার জন্য সভায় জানান।<br><br>সভাপতি মহোদয় আরও বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের নিরপত্তার জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(প)অনুচ্ছেদ মোতাবেক নীতিমালার আলোকে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় করার জন্য সভায় অবহিত করেন। | পরিষদের নতুন গাড়ীর বরাদ্দের জন্য সচিব, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নতুন গাড়ীর বরাদ্দের জন্য সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা জন্য বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(প)অনুচ্ছেদমোতাবেক উপজেলা পরিষদের জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আশরাফ হোসাইন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নংঃ ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২১.১২১১ /১(৫০) তারিখ-৩১/১০/২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। বেগম রওশন এরশাদ, এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৭। উপজেলা.......................................... .কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৮। জনাব..............................................চেয়ারম্যান............................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৯। জনাব.................................................................................. ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

১০। অফিস কপি।

৩১/১০/২১
(মোঃ সাইফুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।